বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
হিসাব সমন্বয় বিভাগ

ফোন ঃ ৯৫৫৮৭৭২
পিএবিএক্স ঃ ৯৫৬০০২১-২৫
৯৫৬০০৩১-৩৫ | ২৩৯

হিসাব মহাবিভাগ(হিসাব সমন্বয়)/পরিপত্র নং-২৫/২০১৬ তাং ১৭/১০/২০১৬

০১। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়
০২। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
০৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
০৪। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ <u>১১১২ বিকেবি-ডিবিবিএল মোবাইল ব্যাংকিং জেনারেল একাউন্ট এর হিসাব সমন্বয় প্রসংগে</u>।

দেশের Unbanked ও Underbanked বিপুল জনগোষ্ঠিকে ব্যাংকিং নেটওয়ার্কের আওতায় আনার লক্ষ্যে ব্যাংক সমূহে Mobile Financial Service(MFS) চালু করার জন্য বাংলাদেশ ব্যাংক একটি নীতিমালা প্রণয়ন করে। উক্ত নীতিমালার আলোকে আর্থিক অন্তর্ভুক্তির (Financial Inclusion) নিমিত্ত ডাচ্-বাংলা ব্যাংক লিঃ এর সাথে পার্টনারশীপ এর ভিত্তিতে Mobile Financial Service তথা মোবাইল ব্যাংকিং চালু করার বিষয়ে অত্র ব্যাংকের পরিচালনা পর্ষদের অনুমোদন নেয়া হয়। উক্ত অনুমোদনের প্রেক্ষিতে মোবাইল ব্যাংকিং কর্মসূচীর সফল বাস্তবায়নের লক্ষ্যে ডাচ্-বাংলা ব্যাংক লিঃ ও বাংলাদেশ কৃষি ব্যাংকের মধ্যে গত ৬ই নভেম্বর, ২০১৩ইং তারিখে চুক্তি স্বাক্ষরিত হওয়ার পর বাংলাদেশ ব্যাংকের অনুমোদন গ্রহন করা হয়। এরই ধারাবাহিকতায় গত ২৬/১২/১৩ইং তারিখ হতে প্রশিক্ষনের পাশাপাশি ক্রমান্বয়ে সকল শাখায় বিকেবি-ডিবিবিএল মোবাইল ব্যাংকিং কর্মসূচী চালু করা হয়। ০৩/০৮/১৪ ইং তারিখে ডিএমডি-১ (শানিব্যউবি) পরিপত্র নং-১০/২০১৪ এর মাধ্যমে বিকেবি-ডিবিবিএল মোবাইল ব্যাংকিং কর্মসূচীর নীতিমালা জারী করা হয়।

০২। ০৩/০৮/১৪ইং তারিখে জারীকৃত পরিপত্র নং-১০/২০১৪ এর নির্দেশনা মোতাবেক বিকেবি-ডিবিবিএল মোবাইল ব্যাংকিং এর তহবিল প্রেরণ ও গ্রহনের ক্ষেত্রে নিম্নরূপ কার্যক্রম গ্রহনের জন্য বলা হয়েছেঃ-

(ক) <u>প্রধান কার্যালয় হতে ইলেকট্রনিক মানি প্রাপ্তির ক্ষেত্রে (ট্রান্সফার ভাউচার এর মাধ্যমে)</u> ঃ-

| | |
|---|---|
| 78- DBBL Electronic Money | -- Dr. |
| 1112- BKB-DBBL Mobile General Account | -- Cr. |

(খ) <u>শাখা হতে অতিরিক্ত ইলেকট্রনিক মানি প্রধান কার্যালয়ে প্রেরনের ক্ষেত্রে (ট্রান্সফার ভাউচার এর মাধ্যমে) ঃ-</u>

| | |
|---|---|
| 1112- BKB-DBBL Mobile Banking General Account | -- Dr. |
| 78- DBBL Electronic Money | -- Cr. |

০৩। উল্লেখ্য, কম্পিউটার সিস্টেমে মোবাইল ব্যাংকিং খাতে লেনদেনের (Cash-In, Cash-out ও 1112- BKB-DBBL Mobile Banking General Account) তথ্য শাখার জেনারেল লেজারের তথ্যের সাথে মিল থাকতে হবে। অর্থাৎ, 78- DBBL Electronic Money এবং 1112- BKB-DBBL Mobile Banking General Account এর কম্পিউটার সিস্টেমে সংরক্ষিত মোট (ডেবিট/ক্রেডিট) স্থিতির সাথে জেনারেল লেজারের স্থিতির মিল থাকতে হবে।

০৪। বিকেবি-ডিবিবিএল মোবাইল ব্যাংকিং জেনারেল একাউন্ট লেনদেন শাখাসমূহে সংঘটিত হয় বিধায় উক্ত খাতের হিসাব সমন্বয়ের কাজটি মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক পর্যায়ে সম্পন্ন করতে হবে। এ লক্ষ্যে ডাচ্-বাংলা ব্যাংক লিঃ কর্তৃক বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে কম্পিউটারের মাধ্যমে মোবাইল ব্যাংকিং কার্যক্রমের হিসাব সমন্বয়ের জন্য সফটওয়্যারে প্রয়োজনীয় সংশোধনী আনা হয়েছে। ডাচ্-বাংলা ব্যাংক লিঃ কর্তৃক সফটওয়্যারে প্রয়োজনীয় পরিবর্তন আনার ফলে স্ব স্ব মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় তাদের আওতাধীন শাখাসমূহের প্রতিমাসের তহবিল গ্রহন ও প্রেরণের তথ্যাদি দেখতে পারবেন এবং উক্ত তথ্যাদি যথাযথভাবে সংরক্ষন করতে পারবেন এবং শাখা হতে প্রাপ্ত উক্ত খাতের তহবিল গ্রহন ও প্রেরনের বিবরনীর সাথে কম্পিউটার সিস্টেমের তথ্য মিলিয়ে উক্ত খাতের হিসাব সমন্বয় করবেন। ডাচ্-বাংলা ব্যাংক লিঃ কর্তৃক সরবরাহকৃত সিস্টেমে জুলাই/২০১৫ হতে প্রতিবারে সর্বোচ্চ ০১(এক) মাসের ১১১২- বিকেবি-ডিবিবিএল মোবাইল ব্যাংকিং জেনারেল একাউন্ট খাতে প্রধান কার্যালয় হতে তহবিল গ্রহন ও মাঠ পর্যায় হতে প্রধান কার্যালয়ে তহবিল প্রেরনের তথ্য পাওয়া যাবে। তাই, বাংলাদেশ ব্যাংক সহ বিভিন্ন প্রতিষ্ঠানে তথ্য প্রদানের জরুরী প্রয়োজনে উক্ত খাতের লেনদেন কার্যক্রম শুরু (ডিসেম্বর/১৩) হতে জুন/২০১৬ইং পর্যন্ত সময়ের তহবিল গ্রহন ও প্রেরনের তথ্য ডাচ্-বাংলা ব্যাংক লিঃ হতে সংগ্রহ করা হয়েছে। যা, উক্ত খাতের জরুরী ভিত্তিতে হিসাব সমন্বয়ের জন্য সংশ্লিষ্ট সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে ই-মেইল এর মাধ্যমে প্রেরন করা হলো।

০৫। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের আওতাধীন শাখাসমূহ ১১১২- বিকেবি-ডিবিবিএল মোবাইল ব্যাংকিং জেনারেল একাউন্ট খাতে প্রধান কার্যালয় হতে তহবিল গ্রহন ও প্রধান কার্যালয়ে তহবিল প্রেরনের বিবরনী ছক-'ক' মোতাবেক মাসিক ভিত্তিতে পরবর্তী মাসের ০৩(তিন) তারিখের মধ্যে ই-মেইল এর মাধ্যমে স্ব স্ব মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরন করতে হবে। সর্বপ্রথমে উক্ত খাতে লেনদেন শুরু হতে ৩০/০৬/২০১৬ইং পর্যন্ত সময়ের তহবিল গ্রহন ও প্রেরন বিবরনী শাখাসমূহ কর্তৃক স্ব স্ব মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরন করতে হবে এবং জুলাই/২০১৬ইং মাস হতে মাসিক ভিত্তিতে প্রতিবেদন প্রেরন করতে হবে।

০৬। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগন Web address-এ 103.11.138.25:7004/ mbwebreport ঠিকানা লিখে এন্টার দিলে Log In Screen আসবে। উক্ত Log In Screen-এ নিজ নিজ User Id এবং Password ব্যবহার করে অঞ্চলাধীন শাখাসমূহের মোবাইল ব্যাংকিং খাতে প্রধান কার্যালয় হতে তহবিল গ্রহন ও প্রেরনের তথ্যাদি মাসিক ভিত্তিতে সিস্টেম থেকে ডাউনলোড করে হার্ড কপি ও সফটকপি সংরক্ষন করবেন এবং তাদের আওতাধীন শাখাসমূহ হতে ই-মেইল যোগে তহবিল গ্রহন ও প্রেরনের বিবরনী (ছক- 'ক') প্রাপ্তির পর উক্ত বিবরনীর সাথে সিস্টেম হতে প্রাপ্ত তথ্যের সাথে মিলিয়ে হিসাব সমন্বয় সম্পন্ন করবে। এখানে উল্লেখ্য যে, উক্ত খাতের লেনদেন শুরু (ডিসেম্বর/২০১৩) হতে ৩০/০৬/২০১৬ইং তারিখ পর্যন্ত সময়ের তথ্য ডিবিবিএল হতে সংগ্রহ করা হয়েছে বিধায় উপরোক্ত ৪নং অনুচ্ছেদের নির্দেশনা মোতাবেক শাখা হতে প্রাপ্ত তথ্যের সাথে এতদসংগে প্রেরিত তথ্য মিলিয়ে হিসাব সমন্বয় করতে হবে। এক্ষেত্রে হিসাবে কোন গরমিল পরিলক্ষিত হলে অঞ্চলসমুহ তাৎক্ষনিকভাবে সংশ্লিষ্ট শাখার সাথে যোগাযোগ করে হিসাব সমন্বয় নিশ্চিত করবে। মুখ্য আঞ্চলিক /আঞ্চলিক কার্যালয়সমুহ তাদের অঞ্চলাধীন সকল শাখার তহবিল গ্রহন ও প্রেরনের বিবরনী মিলিয়ে উক্ত হিসাব সমন্বয় সংক্রান্ত শাখাওয়ারী সমন্বিত বিবরনী ছক- 'খ/১' এবং ছক- 'খ/২' মোতাবেক পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে ই-মেইলের মাধ্যমে প্রধান কার্যালয়ের হিসাব সমন্বয় বিভাগে প্রেরন নিশ্চিত করবে । প্রধান কার্যালয় হতে ১১১২- বিকেবি-ডিবিবিএল মোবাইল ব্যাংকিং জেনারেল একাউন্টের মাধ্যমে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের আওতাধীন শাখাসমূহে তহবিল গ্রহন ও প্রেরনের কাজটি অত্র ব্যাংকের কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ করে থাকে। উক্ত খাতে তহবিল গ্রহন ও প্রেরণের সঠিকতা যাচাইয়ের লক্ষ্যে কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ কর্তৃক প্রেরণকৃত এবং গ্রহনকৃত তহবিলের তথ্যের সাথে ডাচ্-বাংলা ব্যাংক লিঃ কর্তৃক সরবরাহকৃত সফটওয়্যারের তথ্য মিলিয়ে উক্ত খাতে লেনদেন সমূহের সঠিকতা নিশ্চিত করতে হবে। অনুরূপভাবে স্থানীয় মুখ্য কার্যালয় ও কর্পোরেট শাখাসমুহ তাদের কার্যালয়ে সংরক্ষিত তহবিল গ্রহন ও প্রেরণের বিবরণীর সাথে কম্পিউটার সিস্টেমের তথ্য মিলিয়ে উক্ত খাতের হিসাব সমন্বয় করে এতদসংক্রান্ত হিসাব সমন্বয় বিবরনী ছক- 'খ/১' এবং ছক- 'খ/২' মোতাবেক মাসিক ভিত্তিতে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে ই-মেইলের মাধ্যমে প্রধান কার্যালয়ের হিসাব সমন্বয় বিভাগে প্রেরন করবে। শাখা এবং অঞ্চলসমূহের মোবাইল ব্যাংকিং সাধারণ হিসাবের সমন্বয় সংক্রান্ত কাজের সুবিধার্থে ডিবিবিএল হতে ই-মেইলের মাধ্যমে প্রাপ্ত একটি ইউজার ম্যানুয়ালের সফটকপি এবং সিস্টেমে লগ-ইন করার জন্য অঞ্চল ওয়ারী ও কর্পোরেট শাখাওয়ারী User Id ও Password এর সফটকপি এতদ্‌সংগে ই-মেইল মাধ্যমে প্রেরণ করা হলো।

০৭। উল্লেখ্য যে, ১১১২-বিকেবি-ডিবিবিএল মোবাইল ব্যাংকিং জেনারেল একাউন্টের লেনদেন সমূহ স্বয়ংক্রিয়ভাবে সম্পন্ন হয় বিধায় শাখার লেনদেন সমূহ সঠিকভাবে বুকস অব একাউন্টস এ অন্তর্ভুক্ত হয়ে থাকলে উক্ত খাতে কোন টাকা অসমন্বিত থাকার কথা নয়। শাখাসমূহ বিকেবি-ডিবিবিএল মোবাইল ব্যাংকিং জেনারেল একাউন্ট খাতে তহবিল গ্রহন ও প্রেরনের সঠিকতা যাচাইয়ের জন্য বিবরনীর ছক-'ক' মোতাবেক লেনদেনের তারিখ ভিত্তিক একটি রেজিষ্টার সংরক্ষন করতে হবে।

০৮। বিকেবি-ডিবিবিএল মোবাইল ব্যাংকিং খাতে যাতে কোন প্রকার জাল-জালিয়াতি সংঘটিত না হয় সে বিষয়ে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যাবস্থাপকগন ও উক্ত কার্যালয়সমূহের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগন সজাগ দৃষ্টি রাখবেন এবং মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যাবস্থাপকগন শাখা পরিদর্শনকালে ১১১২-বিকেবি-ডিবিবিএল মোবাইল ব্যাংকিং জেনারেল একাউন্ট খাতে প্রধান কার্যালয় হতে তহবিল গ্রহন ও প্রধান কার্যালয়ে তহবিল প্রেরণের তথ্যাদি কম্পিউটার সিষ্টেমের তথ্যের সাথে মিল নিশ্চিত করবেন। তাছাড়া, আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাগনও শাখা নিরীক্ষাকালে ১১১২- বিকেবি-ডিবিবিএল মোবাইল ব্যাংকিং জেনাবেল একাউন্ট খাতে ফান্ড গ্রহন এবং প্রেরনের তথ্যাদি কম্পিউটার সিষ্টেমের তথ্যের সাথে জেনারেল লেজারের তথ্যের মিল নিশ্চিত করবেন।

০৯। এমতাবস্থায়, বর্নিত নির্দেশনাবলীর প্রেক্ষিতে সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় পর্যায়ে এবং স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা ও কর্পোরেট শাখা সমুহে যথাযথভাবে বিকেবি-ডি.বি.বি.এল মোবাইল ব্যাংকিং জেনারেল একাউন্টের হিসাব সমন্বয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট সকল পর্যায়ে পরামর্শ প্রদান করা হলো।

১০।এ বিষয়ে কোন প্রকার অস্পষ্টতা পরিলক্ষিত হলে হিসাব সমন্বয় বিভাগের সহকারী মহাব্যবস্থাপক, জনাব রাজ্জাকুল হায়দার চৌধুরী (০১৮১৯৪৪৫৩২৮) এর সাথে যোগাযোগ করাার জন্য পরামর্শ দেয়া হলো।

১১। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১৭/১০/১৬

সংযুক্তি: বর্ণনামতে।

(ড. মোঃ শাহজাহান)
মহাব্যবস্থাপক
তারিখঃ ১৭/১০/২০১৬

প্রকা/সমন্বয়-৭৪/বিকেবি-ডিবিবিএল/২০১৬-১৭/৯৯০(১২৫০)

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর-১,২,৩, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। জনাব আবুল কাশেম মোহাম্মদ শিরিন, উপ-ব্যবস্থাপনা পরিচালক, ডাচ্ বাংলা ব্যাংক লিঃ, ঢাকা।
০৪। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর/অধ্যক্ষ, স্টাফ কলেজ, বিকেবি।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রকা/সকল বিভাগীয় কার্যালয়, বিকেবি।
০৬। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকাকে অত্র পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি।
০৮। জনাব আবুল কাশেম খান, ইভিপি ও হেড অব ফিনান্সিয়াল ইনক্লুশান ডিভিশন, ডাচ্ বাংলা ব্যাংক লিঃ, ঢাকা।
০৯। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি।
১০। নথি/মহানথি।

(এস.এম. সাইদুজ্জামান)
উপ-মহাব্যবস্থাপক

ছক-'ক'

# বাংলাদেশ কৃষি ব্যাংক

...................... শাখা

.................... অঞ্চল

বিষয়ঃ -------/--------ইং মাসের ১১১২-বিকেবি-ডিবিবিএল মোবাইল ব্যাংকিং জেনারেল একাউন্টের মাধ্যমে তহবিল গ্রহন ও প্রেরনের বিবরনী :

(লক্ষ টাকায়)

| তহবিল গ্রহন | | | | | তহবিল প্রেরন | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রঃ নং | প্রেরনকারী শাখার নাম ও মোবাইল একাউন্ট নম্বর | গ্রহনকারী শাখার নাম ও মোবাইল একাউন্ট নম্বর | লেনদেনের তারিখ | টাকার পরিমান | ক্রঃনং | প্রেরনকারী শাখার নাম ও মোবাইল একাউন্ট নম্বর | গ্রহনকারী শাখার নাম ও মোবাইল একাউন্ট নম্বর | লেনদেনের তারিখ | টাকার পরিমান |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |

ছক-'খ/১'

# বাংলাদেশ কৃষি ব্যাংক

.................... অঞ্চল

বিষয়ঃ -------/--------ইং মাসের ১১১২-বিকেবি-ডিবিবিএল মোবাইল ব্যাংকিং সাধারন হিসাবের মাধ্যমে প্রধান কার্যালয় হতে তহবিল গ্রহনের সমন্বয় প্রতিবেদন ।

(লক্ষ টাকায়)

| ক্রঃনং | শাখার নাম | ৩০/০৬/...ইং তারিখের স্থিতি | | ০১/০৭/... হতে ........ইং পর্যন্ত নতুন ডাটা | | ...............ইং তারিখে মোট ডাটা | | ০১/০৭/... হতে ........ইং তারিখ পর্যন্ত নিষ্পন্ন | | ..........ইং তারিখে অনিষ্পন্ন (যদি থাকে) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | টাকা | সংখ্যা | টাকা | সংখ্যা | টাকা | সংখ্যা | টাকা | সংখ্যা | টাকা |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬(২+৪) | ৭(৩+৫) | ৮ | ৯ | ১০(৬-৮) | ১১(৭-৯) |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |

ছক-'খ/২'

# বাংলাদেশ কৃষি ব্যাংক

.................... অঞ্চল

বিষয়ঃ --------/--------ইং মাসের ১১১২-বিকেবি-ডিবিবিএল মোবাইল ব্যাংকিং সাধারন হিসাবের মাধ্যমে প্রধান কার্যালয়ে তহবিল প্রেরনের সমন্বয় প্রতিবেদন।

(লক্ষ টাকায়)

| ক্রঃনং | শাখার নাম | ৩০/০৬/...ইং তারিখের স্থিতি | | ০১/০৭/... হতে ........ইং পর্যন্ত নতুন ডাটা | | ...............ইং তারিখে মোট ডাটা | | ০১/০৭/... হতে ........ইং তারিখ পর্যন্ত নিষ্পন্ন | | ..........ইং তারিখে অনিষ্পন্ন (যদি থাকে) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | টাকা | সংখ্যা | টাকা | সংখ্যা | টাকা | সংখ্যা | টাকা | সংখ্যা | টাকা |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬(২+৪) | ৭(৩+৫) | ৮ | ৯ | ১০(৬-৮) | ১১(৭-৯) |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |